ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রাম হওয়ার জন্য কী শিখছেন রণবীর?

পৃঃ ৫



শাহিন শাহকে চাপমুক্ত রাখতেই বাবরকে নেতৃত্বে ফেরানো!

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৯৮ ● কলকাতা ● ২৭ চৈত্র, ১৪৩০ ● বুধবার ● ১০ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ভোটের আগে রাজ্যের প্রখ্যাত শিল্পপতি হর্ষ নেওটিয়াকে তলব করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের প্রাক্কালে ফের অ্যাকশনে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। রাজ্যের একাধিক দুর্নীতি মামলার তদন্তভার রয়েছে এই কেন্দ্রীয় এজেন্সির হাতে। গরু পাচার, কয়লা পাচার থেকে শুরু করে নিয়োগ দুর্নীতি, এই সকল মামলার তদন্ত করছে ইডি। এসবের মাঝেই সামনে এল বড় খবর।কেন তলব হল? এই প্রশ্ন করায় অম্বুজা নেওটিয়া গ্রুপের কর্ণধার বলেন, 'বলব, এসে বলব'। কোন মামলায় তাঁকে ডেকে পাঠানো হয়েছে? এই প্রশ্নের উত্তরেও একই জবাব দেন শিল্পপতি। এদিকে নির্বাচনের প্রাক্কালে হর্ষকে কেন ডেকে পাঠানো হয়েছে তা নিয়ে শুরু হয়েছে বিস্তর চর্চা।ভোটের আগে রাজ্যের প্রখ্যাত শিল্পপতি হর্ষ নেওটিয়াকে তলব করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

শিল্প জগতে অতি পরিচিত নাম হর্ষবর্ধন নেওটিয়া। অম্বুজা নেওটিয়া গ্রুপের কর্ণধারের কলকাতায় জন্ম। এখানেই পড়াশোনা করেছেন এবং বেড়ে উঠেছেন তিনি। রাজ্যের বুকে একাধিক শিল্প গড়ে উঠেছে তাঁর সংস্থার হাত ধরে। মূলত নির্মাণ কাজের সঙ্গে জড়িত হর্ষ নেওটিয়ার সংস্থা। এবার সেই শিল্পপতিকেই ইডি দফতরে ডেকে পাঠানো হল।

মঙ্গলবার সকালে ইডি দফতরের সামনে এসে দাঁড়ায় হর্ষের গাড়ি। গাড়ি থেকে নেমে তিনি সিজিও কমপ্লেক্সে ঢুকে যান। সেই সময় সাংবাদিকরা বেশ কিছু প্রশ্ন করেন এই ধনকুবেরকে। তাঁকে ডেকে পাঠানো হয়েছে কিনা জিজ্ঞেস করায় মাথা নেড়ে 'হ্যাঁ' বলেন

এরপর ৩ পাতায়

## নির্বাচন কমিশনার রাজীব কুমারকে জেড ক্যাটেগরির নিরাপত্তা দিল কেন্দ্রীয় সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচন কমিশনার রাজীব কুমারকে জেড ক্যাটেগরির নিরাপত্তা দিল কেন্দ্রীয় সরকার। সূত্রের খবর, রাজীবের জীবনের ঝুঁকি রয়েছে। সে কারণেই এ বার থেকে তাঁর নিরাপত্তার দায়িত্বে থাকবেন সশস্ত্র নিরাপত্তারক্ষীরা। ১৯ এপ্রিল থেকে দেশে লোকসভা নির্বাচন শুরু হচ্ছে। সাত দফায় হবে ভোটগ্রহণ। ভোটের সময় সারা দেশে ঘুরে বেড়াবেন রাজীব। পিটিআই সূত্রে খবর, সে সময় তাঁর সঙ্গে থাকবেন সশস্ত্র কমান্ডো। রাজীব ১৯৮৪ ব্যাচের আইএএস অফিসার। অবসর নিয়েছেন। ২০২২ সালের ১৫ মে মুখ্য নির্বাচন কমিশনারের দায়িত্ব নেন। দেশের ২৫তম মুখ্য নির্বাচন কমিশনার তিনি। ২০২০ সালের ১ সেপ্টেম্বর নির্বাচন কমিশনার নিযুক্ত হয়েছিলেন তিনি।পিটিআইকে একটি সূত্র জানিয়েছে, রাজীবের নিরাপত্তার জন্য সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ)-কে দায়িত্ব দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।৪০ থেকে ৪৫ জন রক্ষী মুখ্য নির্বাচন কমিশনারের নিরাপত্তার দায়িত্বে থাকবেন। কেন্দ্রীয় নিরাপত্তা সংস্থা একটি রিপোর্ট দিয়েছে। তাতে জানিয়েছে, রাজীবের জীবনের ঝুঁকি রয়েছে। তাঁকে কড়া নিরাপত্তা দেওয়ারও সুপারিশ করা হয়েছে রিপোর্টে। এর পরেই কেন্দ্রের তরফে জডে ক্যাটেগরির নিরাপত্তা দেওয়া হয়েছে রাজীবকে।

## সন্দেশখালি পুলিশ ফাঁড়িতে হামলায় ঘটনায় তিনজনকে আটক করল পুলিশ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শীতলিয়া পুলিশ ফাঁড়িতে দুষ্কৃতীদের হামলায় আহত পুলিশ কনস্টেবল সন্দীপ মণ্ডল কলকাতার একটি বেসরকারি হাসপাতালের আইসিইউতে রয়েছেন। তাঁর মাথায় গুরুতর চোট লেগেছে। মস্তিষ্কে রক্ত জমাট বেঁধেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে তেমনটাই। পুলিশ জানিয়েছে, আহত পুলিশ কনস্টেবলকে মল্লিকবাজারের স্নায়ু চিকিৎসার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করানো হয়েছে।

সন্দেশখালির একটি ফ্লাড সেন্টারে রয়েছে শীতলিয়ার পুলিশ ফাঁড়িটি। আচমকা সেই ফাঁড়িতে হামলার ঘটনায় হতবাক এলাকার বাসিন্দারাও। সন্দেশখালিতে যখন অশান্তি চলছিল, তখনও শীতলিয়া এলাকা ঠান্ডা ছিল বলে দাবি। ইদানীংকালে কোনও গোলমালের কথা সেখানে শোনা যায়নি। তা হলে কী এমন হল যে গভীর রাতে পুলিশ ফাঁড়িতে আক্রমণ চালানো হল? পুরো বিষয়টি খতিয়ে দেখতে ইতিমধ্যেই তদন্ত চালাচ্ছে পুলিশ। আটক তিন জনকে জিজ্ঞাসাবাদও শুরু হয়েছে।হাসপাতাল সূত্রে খবর, মঙ্গলবারই আহত পুলিশকর্মীর মস্তিষ্কে অস্ত্রোপচার করার পরিকল্পনা করছেন চিকিৎসকেরা। তবে আপাতত তাঁর অবস্থা স্থিতিশীল বলেই হাসপাতালের

এরপর ৩ পাতায়



## প্রার্থীকে সব অস্থাবর সম্পত্তির হিসাব দিতে হবে না, সব কিছু জানার অধিকার নেই ভোটারদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোনও রাজনৈতিক দলের হয়ে মনোনয়নপত্র দাখিলের সময় একজন প্রার্থীর স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব দেওয়া নিয়ম। তাই বলে প্রার্থীর প্রতিটি অস্থাবর সম্পত্তির হিসাব দিতে হবে, এমনটাও নয়। কোনও ব্যক্তির সম্পত্তি সংক্রান্ত সব কিছু জানার অধিকার নেই ভোটারদের। অরুণাচলের এক নির্দল প্রার্থীর সম্পত্তি গোপন সংক্রান্ত মামলায় এমন মন্তব্য করল সুপ্রিম কোর্ট ।উল্লেখ্য, গুয়াহাটি হাই কোর্ট অভিযুক্তের বিরুদ্ধে রায় দিয়েছিল। এদিন ওই নির্দেশ খারিজ করে শীর্ষ আদালতের দুই বিচারপতির সাংবিধানিক বেঞ্চের পর্যবেক্ষণ, কোনও প্রার্থীর জীবন যাপনে কুরুচিকর বিলাস দেখা গেলে তবেই সমস্ত সম্পত্তির হিসাব দেওয়ার প্রশ্ন উঠতে পারে। অন্যথায় একজন প্রার্থীকে সব অস্থাবর সম্পত্তির হিসাব দিতে হবে না, সব কিছু জানার অধিকার নেই ভোটারদের ।এই বিষয়ে বিস্তারিত কী জানিয়েছে আদালত?

প্রার্থীর সম্পত্তি সংক্রান্ত মামলা উঠেছিল বিচারপতি অনিরুদ্ধ বোস এবং সঞ্জয় কুমারের সাংবিধানিক বেঞ্চে। ২০১৯ সালে অরুণাচল প্রদেশের তেজু থেকে ভোটে লড়েন নির্দল প্রার্থী কারিখো ক্রি। তাঁর বিরুদ্ধে সমস্ত অস্থাবর সম্পত্তির হিসাব না দেওয়ার অভিযোগ উঠেছিল। প্রশ্ন উঠেছিল, মনোনয়নপত্রে কারিখোর স্ত্রী ও ছেলের তিনটি গাড়ির কথা কেন জানানো হয়নি? যদিও পরে প্রকাশ্যে আসে, মনোনয়ন দাখিলের আগে স্ত্রী ও ছেলের গাড়ি বিক্রি হয়ে গিয়েছিল। এই যুক্তিতেই কারিখোর বিরুদ্ধে ওঠা অভিযোগ খারিজ করেছে সুপ্রিম কোর্ট।

## সমাজকর্মী অমরেন্দ্র পাঠক এনসিপি বিহার রাজ্য বুদ্ধিজীবী সেলের কার্যকরী সভাপতি হয়েছেন



**নয়াদিল্লি/পাটনা, ৯ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** বিহারের সুপরিচিত সমাজকর্মী অমরেন্দ্র কান্ত পাঠক, ওরফে হীরা বাবু, জাতীয়তাবাদী কংগ্রেস পার্টি (এনসিপি) অজিত গোষ্ঠীর বিহার রাজ্যের বুদ্ধিজীবী সেলের কার্যকরী সভাপতি নিযুক্ত হয়েছেন। ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স (এনডিএ)।

এনসিপি (অজিত গোষ্ঠী) জাতীয় সাধারণ সম্পাদক কে. কে শর্মা গতকাল শ্রী পাঠকের নিয়োগপত্র প্রকাশ করেছেন।

শ্রী পাঠক এর আগে জনতা দল ধর্মনিরপেক্ষ বিহার রাজ্যের প্রধান সাধারণ সম্পাদক ছিলেন এবং একই দল থেকে বিহার বিধানসভা নির্বাচনেও প্রতিদ্বন্দ্বিতা করেছেন। তিনি বহু সামাজিক সংগঠনের সঙ্গে যুক্ত রয়েছেন।

শ্রী পাঠক এর জন্য দলের জাতীয় সভাপতি অজিত দাদা পাওয়ার, জাতীয় কার্যনির্বাহী সভাপতি প্রফুল প্যাটেল, জাতীয় সাধারণ সম্পাদক ও ইনচার্জ কে কে শর্মা, জাতীয় সাধারণ সম্পাদক ব্রিজমোহন শ্রীবাস্তব এবং রাজ্য সভাপতি রাহাত কাদ্রির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

প্রভাস মন্ডল, বিশুন্দেব যাদব, প্রাক্তন প্রধান হরিশচন্দ্র ঝা ওরফে মাতার ঝা, রঞ্জিত সাহু, কুসুম লাল চৌপাল, মুরারি ঝা, হীরা লাল প্রধান, অ্যাডভোকেট অজয় পাঠক এবং পবন মিশ্র শ্রী পাঠককে তাঁর নিয়োগের জন্য অভিনন্দন জানিয়েছেন।

## মায়াপুর ইসকনের হাতির মাহুতের কফিনবন্দী মৃতদেহ ফিরবে অসমে



**নদিয়া : নিউজ সারাদিন :** নদীয়া জেলার মায়াপুর ইসকন মন্দিরে হস্তির মাহুতের মৃত্যু হয়েছিল হস্তির জখমেই। মৃত মাহুতের নাম সমুদ্র রাভা (২৭)। মৃতদেহ ময়না তদন্তের পরে ৯ এপ্রিল মঙ্গলবার কফিন বন্দি করে দেহ নিয়ে অসমের কামরূপ জেলার ডুলিয়া গাওয়ে ফেরাতে প্রস্তুতি শুরু করেছে ইসকন মন্দিরের কর্মীসহ বাড়ির লোকেরা।

মায়াপুর ইসকনের জনসংযোগ আধিকারিক রসিক গৌরাঙ্গ দাস বলেন এটা খুবই দুঃখজনক ও মর্মান্তিক ঘটনা। বহু বছর ধরে হাতি মায়াপুরে আছে। ইসকনের দুটি পূর্ণবয়স্ক মাদি হাতি রয়েছে - বিষ্ণুপ্রিয়া এবং লক্ষ্মী প্রিয়া। তিনি বলেন বহু কাল ধরে সরকারি নিয়মকানুন মেনে হাতি পোষা হয়। শোভাযাত্রা হয় দুই বেলা হাজার হাজার মানুষের সামনে দিয়ে যায় হাতি। ৬ এপ্রিল শনিবার সন্ধ্যায় বিষ্ণুপ্রিয়া নামক হাতি যখন মাহুত সমুদ্রকে আক্রমণ করে, অপর হাতি লক্ষীপ্রিয়ার মাহুত অজয় ছিলেন তার পিঠে। এই ইস্কন মন্দিরের হাতিশালায় চারজন মাহুত আছে। তারা নিজেরাই ভাগ করে নেয় কি কোন দিন হাতি ঘোড়াতে নিয়ে যাবে।

রোজকার মতো বিষ্ণুপ্রিয়া নামের হাতিটিকে খাবার দিতে গিয়েছিল মাহুত সমুদ্র রাভা। তখন ওই হাতিটি আচমকা তাকে হাতিশালার একটি স্তম্ভের সঙ্গে ঠেসে ধরে। অজয় রাভা সমুদ্র কে রক্ষা করতে এগিয়ে আসে তৎক্ষণাৎ। সমুদ্রকে উদ্ধার করতে গিয়ে অজয় হাতির পিঠের থেকে পড়ে গিয়ে পায়ে চোট পায়। কোন রকম ভাবে হাতি কে শান্ত করা যাচ্ছিল না। মাহুত অজয় ওই হাতি দুটিকে কোনরকম ভাবে নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। কিন্তু কোনভাবেই বাঁচানোর সম্ভব হলো না সমুদ্র কে। সকলের সহযোগিতায় সমুদ্রকে নিয়ে মায়াপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। যখম অজয় রাভা কে মায়াপুর ইসকনের কমিউনিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়, পরে কল্যাণী এইমসে নিয়ে গিয়ে চিকিৎসা করানো হয়। মঙ্গলবার অজয় ইসকনের ফিরে আসে এবং পায়ের অপারেশন করতে হবে বলে ই স্কনসুত্রে জানা যায়।

জনসংযোগ আধিকারিক বলেন কোনদিন আজ পর্যন্ত এ ধরনের ঘটনা ঘটেনি কি করে হলো বোঝা যাচ্ছে না হাতির তীক্ষ্ণ রাগ এবং বুদ্ধি তাতে কোন উনিশ বিষ হয়েছে তাই এরূপ ফলস্বরূপ মনে হচ্ছে। ইসকনের হাতিদের দেখভালের দায়িত্ব আছে হরিমতি দেবী। জার্মানির বাসিন্দা হস্তী বিশেষজ্ঞ তার মতে শনিবার যিনি বিষ্ণুপ্রিয়াকে খাওয়াতে গিয়েছিল সম্ভবত তিনি তার মাহুত ছিলেন না। বিষয়টি তদন্তের জন্য জানানো হয়েছে। বন দপ্তরের আধিকারিকরা এসে হাতিশালায় দেখে যান এবং হাতি দুটি শান্ত আছে বলে জানান।

রসিক গৌরাঙ্গ দাশ জানান আমরা শোকাহত মর্মাহত এইরূপ ঘটনার জন্য। তারা আমাদের ইসকনের সদস্য। আমরা সমস্ত রকম সহযোগিতার হাত বাড়িয়ে দেব যাতে তাদের পরিবারের কোনো অসুবিধা না হয়।

## চৈত্র শুক্লাদি, উগাদি, গুড়ি পাড়োয়া, চেতি চাঁদ, নবরেহ এবং সাজিবু চেইরাওবার প্রাক্কালে রাষ্ট্রপতির শুভেচ্ছা


**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু চৈত্র শুক্লাদি, উগাদি, গুড়ি পাড়োয়া, চেতি চাঁদ, নবরেহ এবং সাজিবু চেইরাওবার প্রাক্কালে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, "চৈত্র শুক্লাদি, উগাদি, গুড়ি পাড়োয়া, চেতি চাঁদ, নবরেহ এবং সাজিবু চেইরাওবার মতো পবিত্র উৎসব উপলক্ষে আমি দেশবাসীকে শুভেচ্ছা জানাচ্ছি। বসন্ত ঋতু এবং ভারতীয় নববর্ষকে আবাহন উপলক্ষে এইসব উৎসবের আয়োজন। দেশের বিভিন্ন প্রান্তে উদযাপিত এইসব উৎসব শান্তি, ঐক্য ও সহিষ্ণুতার বার্তা ছড়িয়ে দেয়। এগুলি আমাদের সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতীক। এর মাধ্যমে প্রকৃতির প্রতি আমরা আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করি। এই সকল উৎসব সবার জীবনে আনন্দ এবং সমৃদ্ধি নিয়ে আসুক এবং দেশের উন্নয়নে আরও বেশি উৎসাহের সঙ্গে কাজ করতে সবাইকে উদ্বুদ্ধ করুক।"

## এনআইএ-বিজেপি আঁতাতের অভিযোগে সুর চড়ালেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হুগলির নির্বাচনী কমিটির বৈঠক শেষে ফের একবার এনআইএ-বিজেপি আঁতাতের অভিযোগে সুর চড়ালেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় । তৃণমূলের সেকেন্ড-ইন-কমান্ডের বক্তব্য, শুধু এনআইএ-র এসপির বিরুদ্ধে পদক্ষেপ করলেই চলবে না, এজেন্সির ডিরেক্টরকেও বদল করতে হবে।তারপর আজ আবারও হুগলির দলীয় বৈঠক শেষে কড়া আক্রমণ শানালেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। অভিষেক জানালেন, আগামী কয়েকদিনের মধ্যেই তৃণমূলের তরফে নির্বাচন কমিশনের থেকে আরও একটি অয়াপয়েন্টমেন্ট চাওয়া হবে। যে তথ্যগুলি তৃণমূল ইতিমধ্যেই জনসমক্ষে এনেছে, সেগুলি আবারও জানানো হবে। তারপরও যদি কমিশন পদক্ষেপ না করে, তাহলে পরবর্তী ক্ষেত্রে সেই অনুযায়ী কর্মসূচি স্থির করতে তৃণমূল।বললেন, 'এসপির মাথার উপর একজন ডিরেক্টর রয়েছেন। তাঁর অনুমতি ছাড়া আদর্শ আচরণবিধি চলাকালীন একজন রাজনৈতিক নেতার সঙ্গে নিজের বাড়িতে বৈঠক করা যায় না। তাই শুধু এনআইএ এসপিকে ডেকে পাঠালে হবে না। লোকদেখানি শোকজ জারি বা ডেকে একবার ধমকানো-চমকানো করা চলবে না। রাজ্য পুলিশের ডিজি তো ৪৮ ঘণ্টায় দু'বার বদল হয়েছে। তাহলে এনআইএ-র ডিরেক্টর কেন বদল হবেন না?'

উল্লেখ্য, লোকসভা নির্বাচনের মুখে এনআইএ ইস্যুতে নাগাড়ে সুর চড়িয়ে যাচ্ছে তৃণমূল কংগ্রেস। গতকাল দিল্লিতে নির্বাচন কমিশনের অফিসে গিয়ে দেখা করেছেন তৃণমূলের ১০ সদস্যের প্রতিনিধি দল। তারপর সেখান থেকে বেরিয়ে ধরনায় বসলে পুলিশ তাঁদের তুলে নিয়ে যায় মন্দিরমার্গ থানায়। এদিকে গতকাল রাতেই অভিষেকের নেতৃত্বে তৃণমূলের এক প্রতিনিধিদল কলকাতায় রাজভবনে গিয়ে রাজ্যপাল বোসের সঙ্গে দেখা করেন। সেই বৈঠক শেষে বেরিয়ে বিজেপি-এনআইএ আঁতাতের অভিযোগে কড়া ভাষায় আক্রমণ শানিয়েছিলেন অভিষেক।







১-ম পাতার পর

# সন্দেশখালি পুলিশ ফাঁড়িতে হামলায় ঘটনায় তিনজনকে আটক করল পুলিশ

তরফে জানানো হয়েছে।

সোমবার রাতে আবারও উত্তপ্ত হয়ে ওঠে সন্দেশখালি। স্থানীয় সূত্রে খবর, সোমবার রাত ১১টার পরে শীতলিয়া পুলিশ ফাঁড়িতে ঢুকে পড়ে জনা কয়েক দুষ্কৃতী। পুলিশকর্মীদের মারধর করে তারা। কনস্টেবল সন্দীপকে লাঠি, রড দিয়ে বেধড়ক মারধর করা হয়। গুরুতর আহত অবস্থায় ওই সন্দীপকে প্রথমে সন্দেশখালির খুলনা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে তাঁর অবস্থার অবনতি হওয়ায় তড়িঘড়ি তাঁকে কলকাতার ওই বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করানো হয়। এই ঘটনায় জড়িত সন্দেহে তিন জনকে আটক করেছে পুলিশ।

১-ম পাতার পর

# ভোটের আগে রাজ্যের প্রখ্যাত শিল্পপতি হর্ষ নেওটিয়াকে তলব করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা

শিল্পপতি। এরপর সংবাদমাধ্যমের প্রতিনিধিরা আরও বেশ কিছু প্রশ্ন করেন তাঁকে। তবে হর্ষ তেমন কোনও উত্তর দেননি।

প্রসঙ্গত, লোকসভা নির্বাচনের আগে বিজেপি-কেন্দ্রীয় এজেন্সি 'আঁতাত' নিয়ে একাধিকবার সরব হয়েছে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস। সোমবার যেমন বাঁকুড়ার সভা থেকে এই নিয়ে ফের সুর চড়ান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে উদ্দেশ্য করে তিনি বলেন, 'আপনার এক পকেটে এনআইএ, আরেক পকেটে সিবিআই। একটা পকেটে ইডি, আর একটা পকেটে ইনকাম ট্যাক্স'।

# সন্দেশখালি পুলিশি হামলার নেপথ্যে শাসকদল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইডির পর এবার রাজ্য পুলিশ। সন্দেশখালিতে ফের হামলার ঘটনা। তাৎপর্যপূর্ণভাবে, পুলিশি হামলার নেপথ্যে শাসকদল তৃণমূলের একাংশের জড়িত থাকার অভিযোগ উঠেছে। সন্দীপ সাহা নামে একজন কনস্টেবলকে দুষ্কৃতীরা রড দিয়ে মারধর করে বলে অভিযোগ। হামলার পর সৌমিত্র মণ্ডল নামে অন্য এক কনস্টেবলকে ফোন করেন সন্দীপ। তিনিও ফাঁড়িতে ছিলেন। ফোন পেয়ে নিজের ঘর থেকে তড়িঘড়ি সন্দীপের ঘরে দিয়ে সৌমিত্র দেখেন, তার মাথা দিয়ে রক্ত ঝরছে। সঙ্গে সঙ্গে সন্দীপকে নিয়ে যাওয়া হয় স্থানীয় হাসপাতালে।

সন্দীপের অভিযোগের ভিত্তিতে তৃণমূলের স্থানীয় বুথ সভাপতি-সহ পাঁচজনকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। তবে কী কারণে এই হামলা তা এখনও স্পষ্ট নয়। ঘটনার নেপথ্যে ব্যক্তিগত কোনও শত্রুতা রয়েছে কি না, তাও খতিয়ে দেখছে পুলিশ।

এর আগে গদত ৫ জানুয়ারি রেশন দুর্নীতির তদন্তে তৃণমূল নেতা শেখ শাহজাহানের খোঁজে সন্দেশখালিতে গিয়ে হামলার মুখে পড়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডির আধিকারিকরা।

বুথ সভাপতি ছাড়াও আটকদের মধ্যে রয়েছে শাসকদলের আরও দুই সক্রিয় সদস্য। তবে কী কারণে এই হামলা তা এখনও স্পষ্ট নয়। এদিকে পুলিশের ওপর হামলার ঘটনায় জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে কমিশন।

বিষয়টি প্রকাশ্যে আসতে তৃণমূলের বিরুদ্ধে সুর চড়িয়েছে বিরোধীরা। সিপিএম নেতা সুজন চক্রবর্তী থেকে কংগ্রেসের রাজ্য মুখপাত্র সৌম্য আইচ, ঘাটালের বিজেপি প্রার্থী হিরণ চট্টোপাধ্যায় ঘটনার নেপথ্যে তৃণমূলকে দায়ী করে একযোগে দাবি করেছেন, রাজ্যে আইনের শাসন নেই বলেই এমন পরিস্থিতি। অন্যদিকে ঘটনার তীব্র সমালোচনা করে সন্দেশখালির স্থানীয় তৃণমূল বিধায়ক সুকুমার মাহাত বলেন, "পুলিশ তৃণমূলের কাউকে আটক করা মানেই তৃণমূল ওই ঘটনার সঙ্গে জড়িত, এমন সরলীকরণ করা ঠিক নয়। তৃণমূল এই ধরনের ঘটনাকে সমর্থন করে না। ওই ঘটনায় দলের কারও যোগ থাকার অভিযোগ প্রমাণিত হলে আইনের পথেই তার বিচার হবে।"

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, সোমবার রাত সাড়ে ১১টা নাগাদ সন্দেশখালির শীতুলিয়া পুলিশ ফাঁড়িতে হামলার ঘটনা ঘটে। ওই সময় পুলিশ ক্যাম্পে ছিলেন তিনজন কনস্টেবল। তাঁর যে যার ঘরে ছিলেন।

# ১৯ এপ্রিল, ২০২৪ লোকসভা নির্বাচনের প্রথম দফায়

## পশ্চিমবঙ্গের ৪২৮টি ভোট গ্রহণ কেন্দ্রে পরিচালনার দায়িত্বে থাকবেন মহিলারা




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের প্রথম দফায় পশ্চিমবঙ্গের ৪২৮টি ভোট গ্রহণ কেন্দ্রে পরিচালনার দায়িত্বে থাকবেন মহিলারা। এই পর্বে ১৯ এপ্রিল, ২০২৪ তারিখে কোচবিহার, আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ি সংসদীয় কেন্দ্রে ভোট নেওয়া হবে। আলিপুরদুয়ারে সর্বোচ্চ সংখ্যক, ২৩০টি ভোট গ্রহণ কেন্দ্র হবে মহিলা পরিচালিত। জলপাইগুড়িতে এই সংখ্যাটি ১৩৮। কোচবিহারে ৬০টি ভোট গ্রহণ কেন্দ্রে পরিচালনার দায়িত্বে থাকবেন মহিলারা। কোচবিহার (তপশিলি) সংসদীয় কেন্দ্রে ভোটদাতার সংখ্যা ১৯ লক্ষ ৬৬ হাজার ৫৯৩। আলিপুরদুয়ার (তপশিলি) সংসদীয় কেন্দ্রে এই সংখ্যা ১৭ লক্ষ ৭৩ হাজার ৪১৫। জলপাইগুড়ি সংসদীয় কেন্দ্রে ভোটদাতা ১৮ লক্ষ ৮৫ হাজার ৭৯২ জন। তিনটি সংসদীয় কেন্দ্র মিলিয়ে ভোট গ্রহণ কেন্দ্রের সংখ্যা ৫ হাজার ৮৮৪। প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন মোট ৩৪ জন প্রার্থী। নির্বাচন কমিশন এই রাজ্যে ১০০ শতাংশ বুথে ওয়েবকাস্টিং-এর নির্দেশ দিয়েছে।

# সঙ্গীত নাটক একাডেমি দেশের ৭টি ভিন্ন ভিন্ন শক্তিপীঠে

## ৯ থেকে ১৭ এপ্রিল 'সঙ্গীত ও নৃত্য উৎসব - শক্তি'-র আয়োজন করেছে

**নতুন দিল্লি, ৯ এপ্রিল ২০২৪ : নিউজ সারাদিন :** দেশের মন্দির ঐতিহ্যকে পুনরুজ্জীবিত করতে সঙ্গীত নাটক একাডেমি পবিত্র নবরাত্রিতে, 'সঙ্গীত ও নৃত্য উৎসব - শক্তি'-র আয়োজন করেছে। পবিত্র নবরাত্রি শুরু হচ্ছে আজ অর্থাৎ ৯ এপ্রিল থেকে। কলা পর্বের অধীন এই উৎসবের আয়োজন করা হচ্ছে। নবরাত্রি যেহেতু নয় শক্তিস্বরূপিনী দেবীর প্রতীক হিসেবে সূচিত হয়, তাই একাডেমি দেশের ৭টি ভিন্ন ভিন্ন শক্তিপীঠে ৯ থেকে ১৭ এপ্রিল মন্দির ঐতিহ্যকে উদযাপন করতে 'শক্তি' শিরোনামে এই উৎসবের আয়োজন করছে। আজ 'শক্তি' উৎসবের উদ্বোধন হবে গুয়াহাটির কামাখ্যা মন্দিরে। এর পর তা আয়োজিত হবে মহারাষ্ট্রের কোলাপুরে মহালক্ষ্মী মন্দির, হিমাচলপ্রদেশের কাংড়ার জ্বালামুখী মন্দির, ত্রিপুরার উদয়পুরের ত্রিপুরাসুন্দরী মন্দির, গুজরাটের বনসকাঁথা আম্বাজি মন্দির, ঝাড়খন্ডের দেওঘরের জয় দুর্গা শক্তিপীঠ, মধ্যপ্রদেশের উজ্জয়িনী হরসিদ্ধি মন্দিরে। ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীন সঙ্গীত নাটক একাডেমি একটি স্বশাসিত সংস্থা হিসেবে কাজ করে। দেশের নানা প্রান্তের সঙ্গীত, নৃত্য, নাটক, লোককলা, আদিবাসীকলা এবং অন্য বিভিন্ন কলাশিল্পের সংরক্ষণ, গবেষণা, প্রসার এবং পুনরুজ্জীবনের লক্ষ্যে একাডেমি সক্রিয় ভূমিকা নেয়।

# লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটে ১৩টি রাজ্য/

## কেন্দ্রশাসিত অঞ্চলের ১২১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন

**নয়াদিল্লি, ০৯ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** ২০২৪-এর লোকসভা নির্বাচনে আউটার মণিপুর কেন্দ্রের ৪ জন প্রার্থী সহ ১২টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ১ হাজার ২০৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। দ্বিতীয় দফার নির্বাচনে ১২টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮টি সংসদীয় কেন্দ্রের জন্য মনোনয়ন জমা পড়েছে ২ হাজার ৬৩৩টি। ১২টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের দ্বিতীয় দফার ভোটের মনোনয়ন পেশের শেষ তারিখ ছিল ৪ এপ্রিল। ২ হাজার ৬৩৩টি মনোনয়নপত্র স্কুটিনির পর ১ হাজার ৪২৮টিকে বৈধ বলে গণ্য করা হয়েছে। ১২টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ছিল ৮ এপ্রিল। দ্বিতীয় দফায় কেরলের ২০টি সংসদীয় কেন্দ্রের জন্য ৫০০টি মনোনয়ন জমা পড়েছে। কর্ণাটকের ১৪টি কেন্দ্রের জন্য মনোনয়ন জমা পড়েছিল ৪৯১টি। সবচেয়ে কম মনোনয়ন ১৪টি জমা পড়েছে ত্রিপুরায়। মহারাষ্ট্রের ১৬-নান্দেড় কেন্দ্রে সর্বাধিক ৯২টি মনোনয়নপত্র জমা পড়েছে। পশ্চিমবঙ্গের ৩টি সংসদীয় কেন্দ্রের জন্য ৬৮টি মনোনয়ন জমা পড়েছে। এর মধ্যে ৪৭টি বৈধ বলে গণ্য করা হয়েছে। উল্লেখ করা যেতে পারে যে, আউটার মণিপুরের অধীন ১৫টি বিধানসভায় ১৯ এপ্রিল প্রথম দফার ভোট নেওয়া হবে। দ্বিতীয় দফায় এই সংসদীয় কেন্দ্রের ১৩টি বিধানসভায় ভোট হবে ২৬ এপ্রিল। আউটার মণিপুর সংসদীয় কেন্দ্রে ৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। প্রথম দফার ভোটে ২১টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে ১ হাজার ৪৯১ জন পুরুষ এবং ১৩৪ জন মহিলা প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

# সশস্ত্র বাহিনীতে যৌথ সংস্কৃতির বিকাশের

## প্রয়োজনীয়তার ওপর জোর সিডিএস জেনারেল অনিল চৌহানের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নতুন দিল্লিতে ৮ এপ্রিল ২০২৪ তারিখে তিন বাহিনীর সম্মেলন 'পরিবর্তন চিন্তন' অনুষ্ঠিত হয়। সম্মেলনে নতুন নতুন ভাবনা-চিন্তা, উদ্যোগ এবং সংস্কার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ভারতীয় সেনাবাহিনীকে ভবিষ্যৎ উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে যৌথ কাঠামোর ওপর জোর দেওয়া হয়। চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান ভারতীয় সশস্ত্র বাহিনীতে যৌথ সংস্কৃতির বিকাশের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। প্রতিটি বাহিনীর বিশেষত্বের প্রতি সম্মান জানিয়ে পরম্পরাগত ভাবনা-চিন্তার ক্ষেত্রে নতুন নতুন দৃষ্টিভঙ্গী গ্রহণের ওপর জোর দেন তিনি। সেই সঙ্গে প্রতিটি বাহিনীর নিজস্ব কাঠামো অনুযায়ী সক্ষমতা গড়ে তোলা এবং তাদের সমর-দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপরও গুরুত্ব দেন তিনি। তিন বাহিনীর এই সম্মেলনে উপস্থিত ছিলেন আন্দামান ও নিকোবর কম্যান্ড এবং স্ট্যাটেজিক ফোর্সেস কম্যান্ডের প্রধানগণ, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি, ডিফেন্স সার্ভিসেস স্টাফ কলেজ, কলেজ অফ ডিফেন্স ম্যানেজমেন্ট এবং মিলিটারি ইন্সটিটিউট অফ টেকনলোজির কম্যান্ড্যান্টরা। সেই সঙ্গে এই সম্মেলনে যোগ দিয়েছিলেন আর্মড ফোর্সেস স্পেশাল অপারেশনস ডিভিশন, ডিফেন্স স্পেস এজেন্সি, ডিফেন্স সাইবার এজেন্সি এবং ডিফেন্স কমিউনিকেশন এজেন্সির শীর্ষ আধিকারিকরাও। তিন বাহিনীর আধিকারিকরাও এই সম্মেলনে যোগ দিয়েছিলেন। আগামী প্রজন্মের উপযোগী করে সেনাবাহিনীর আধুনিকীকরণ, প্রশিক্ষণ এবং সমন্বয় নিয়ে আলোচনায় অংশ নেন তাঁরা। চিফ অফ স্টাফ কমিটি লেফটেন্যান্ট জেনারেল জে পি ম্যাথু সমাপ্তি ভাষণ দেন। এই ধরনের মত বিনিময় ভারতীয় সশস্ত্র বাহিনীকে ভবিষ্যৎ উপযোগী করে গড়ে তোলার ক্ষেত্রে সহায়ক হবে বলে আশাপ্রকাশ করেন তিনি।






ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৯৮ সংখ্যা ১০ এপ্রিল, ২০২৪ বুধবার ২৭ চৈত্র, ১৪৩০

## সম্পাদকীয়

# বেজিংয়ের থেকেও সাহায্য চেয়ে থাকতে পারে রাশিয়া

চিন সফরে রাশিয়ার বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ। বেজিংয়ে তিনি বৈঠক করেন চিনা বিদেশমন্ত্রী ওয়াং ই-এর সঙ্গে। কথা বলেন, একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে। দুদেশের সম্পর্ক বেনজির পর্যায়ে পৌঁছেছে জানিয়ে 'বন্ধু' চিনের প্রশংসায় পঞ্চমুখ হয়েছেন লাভরভ। কূটনৈতিক বিশেষজ্ঞদের মতে, ইউক্রেন যুদ্ধ আবহে নতুন রণকৌশল নিয়েও দুদেশের মধ্যে কথা হয়ে থাকতে পারে।আগেই জল্পনা ছিল আগামী মে মাসে চিন সফরে যাচ্ছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তার আগেই চিনে পা রেখেছেন লাভরভ। বিশ্লেষকদের মতে, এই বৈঠকে ইউক্রেন যুদ্ধে লড়াই আরও জোরদার করতে বেজিংয়ের থেকেও সাহায্য চেয়ে থাকতে পারে রাশিয়া। এর আগে আমেরিকাকে চাপে ফেলতে উত্তর কোরিয়া ও চিনের সঙ্গে যৌথ নৌ-মহড়ার আগ্রহ প্রকাশ করেছিল মস্কো। কারণ যুদ্ধের ময়দানে মস্কোর উপর চাপ বাড়াচ্ছে হোয়াইট হাউস। অত্যাধুনিক অস্ত্রশস্ত্র দিয়ে কিয়েভকে সাহায্য করছে ওয়াশিংটন। এই প্রেক্ষিতে আমেরিকা-বিরোধী দেশগুলোর সঙ্গে জোটবদ্ধ হতে চাইছেন রুশ প্রেসিডেন্ট।বলে রাখা ভালো, গোটা ঘটনা প্রবাহের উপর নজর রাখছে ভারত। চৈনিক চালে মস্কোর সঙ্গে দিল্লির সময় পরীক্ষিত বন্ধুত্বে কি ফাটল ধরবে? উঠছে এমন প্রশ্নও। তাৎপর্যপূর্ণ ভাবে, লাদাখে চিনের সঙ্গে সীমান্ত সংঘাত নিয়ে ভারতকে শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করার পরামর্শ দিয়েছিল রাশিয়া। সরাসরি জিনপিং প্রশাসনের বিরুদ্ধে মুখ খোলেনি ক্রেমলিন। ফলে ভবিষ্যতে কোনও দিন লাদাখে যুদ্ধ পরিস্থিতি তৈরি হলে কয়েক দশকের বন্ধুকে পাশে পাবে কিনা দিল্লি রয়েছে সংশয়।পাশাপাশি যুদ্ধক্ষেত্রে আক্রমণের ধার বাড়াতে বেজিংয়ের থেকে সামরিক সাহায্যও চাইতে পারে মস্কো। এদিকে, মস্কো-বেজিংয়ের এহেন দহরম মহরমে সিঁদুরে মেঘ দেখছে ভারত।

এএনআই সূত্রে খবর, ৮ ও ৯ এপ্রিল দুদিনের বিদেশসফরে চিনে গিয়েছেন রুশ বিদেশমন্ত্রী। সোমবার তিনি বেজিংয়ে পা রাখেন। মঙ্গলবার দেখা করেন ওয়াং ই-এর সঙ্গে। তাঁদের এই বৈঠকে রাশিয়ার প্রেসিডেন্ট নির্বাচন, রাশিয়ায় জঙ্গি হামলা-সহ একাধিক গুরুত্বপূর্ণ বিষয় উঠে আসে। বৈঠকের পর লাভরভ জানান, "পশ্চিমের আগ্রাসনে অস্তিত্ব সংকট তৈরি হয়েছে। এই আবহে নির্বাচন হয়েছে আমাদের দেশে। ভোটপ্রক্রিয়া চলাকালীন ইউক্রেনের জঙ্গিরা কিয়েভ থেকে হামলা চালিয়েছে। হ্যাকাররা ইলেকশন সিস্টেম হ্যাক করার অসংখ্যা চেষ্টা করেছিল। কিন্তু সকলের সব প্রচেষ্টায় জল ঢেলে আমাদের নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। তবে বিগত কয়েকদিনে রাশিয়ার বুকে হামলার পরিমাণ বেড়ে গিয়েছে। যাতে বিপন্ন হচ্ছে নাগরিকদের জীবন।"রাশিয়া ও চিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা মনে করিয়ে দিয়ে লাভরভ বলেন, "চিনকে অসংখ্য ধন্যবাদ। চিন সবসময় আমাদের সার্বভৌম অধিকারকে সমর্থন জানিয়েছে, সংবিধান অনুযায়ী নাগরিকদের অধিকার সুনিশ্চিত করেছে।" এর পর বিবৃতি দিয়ে রুশ বিদেশমন্ত্রী জানান, রাশিয়া ও চিনের মধ্যে ব্যাপক অংশীদারিত্ব ও কৌশলগত আলাপচারিতা বেনজির পর্যায়ে পৌঁছে গিয়েছে।

এই বৈঠকের পর চিনের বিদেশমন্ত্রকের মুখপাত্র মাও নিং সাংবাদিক সম্মেলনে জানান, "রাশিয়া-চিন দ্বিপাক্ষিক সম্পর্ক আরও মজবুত করতে আলোচনা হয়েছে দুদেশের মধ্যে। আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে তাঁরা মতামত বিনিময় করেছেন। ইতিমধ্যেই দুদেশের কূটনৈতিক বোঝাপড়ার ৭৫ বছর অউরন হয়েছে। এই সম্পর্ক আগামিদিনে আরও দৃঢ় হবে।"

# সারা বিশ্বে সংবাদপত্র ও সাংবাদিকের দায়বদ্ধতা



মৃত্যুঞ্জয় সরদার

(দ্বিতীয় পর্ব)

শাসকের রাজনৈতিক ঘটনাবলি, যুদ্ধের বিবরণ, প্রজা বা নাগরিকদের প্রতি বার্তা প্রচার করা হতো। হরফ বা মুদ্রণযন্ত্র আবিষ্কৃত হয় মধ্যযুগের ১৪৪০-১৪৫০ সালে; ইউরোপের জার্মানিতে। তখন খবর বলতে যুদ্ধ, আজব ও গুজব ছাপা হতো। ১৭০২ সালে প্রথম এক পাতার ইংরেজি দৈনিক 'দ্য ডেইলি কারেন্ট' প্রকাশিত হয় ইংল্যান্ড থেকে। তখন খবর বলতে চটকদার অপরাধ, কেচ্ছা, নিলাম আর নিষেধাজ্ঞা ছাপা হতো। ভারতে প্রথম পত্রিকা বের হয় কলকাতা থেকে ২৯ জানুয়ারি ১৭৮০ সালে। পত্রিকার নাম 'বেঙ্গল গেজেট'। টিকেছিল মাত্র দুই বছর। বাংলায় সংবাদপত্র প্রথম প্রকাশিত হয় ১৮১৮ সালের ১৪ মে। পত্রিকার নাম 'বাঙ্গাল গেজেট'। প্রকাশক ছিলেন গঙ্গাকিশোর ভট্টাচার্য। এই পত্রিকায় গুরুত্ব দিয়ে ছাপা হতো সরকারি নিয়োগ বিজ্ঞপ্তি, জন্ম-মৃত্যু, বিয়ের খবর। সতীদাহ নিয়ে এ সময় আরো দুটি বাংলা পত্রিকা প্রকাশিত হতো। সাপ্তাহিক সমাচার ও মাসিক দিগদর্শণ। বাংলাদেশ ভূখণ্ডে প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকার নাম 'জ্যোতি'। বেরিয়েছিল ১৯২১ সালে, চট্টগ্রাম থেকে। দেশ ভাগের পর ১৯৪৭ সালের ১৮ আগস্ট তৎকালীন পূর্ব পাকিস্তানে প্রথম পত্রিকা বেরোয় চট্টগ্রাম থেকে। নাম 'পয়গাম'। ঢাকা থেকে বের হতো জিন্দেগি, সপ্তাহে মাত্র দুটি সংখ্যা। মাওলানা আকরাম খাঁর সম্পাদনায় 'আজাদ' কলকাতা থেকে বেরিয়েছিল ১৯৩৬ সালে। পত্রিকাটি ঢাকায় আসে ১৯৪৮ সালে। ১৯৪৯ সালে বের হয় 'দ্য পাকিস্তান অবজারভার' ও 'দৈনিক সংবাদ'। পরে দৈনিক পাকিস্তান হয়ে যায় দৈনিক বাংলা। ১৯৬৪ সালে আসে পূর্বদেশ, মর্নিং নিউজ। ১৯৭২ সালে সরকারি মালিকানাধীন সাপ্তাহিক বিচিত্রা।

সংবাদপত্র যে প্রকৃত পক্ষে 'ফোর্থ স্টেট' এ ধারণাটিও মূলত শতাব্দী পুরনো। ব্রিটিশ পার্লামেন্টের গ্যালারিতে উপস্থিত সংবাদপত্র প্রতিনিধিদের লক্ষ করে রাষ্ট্র কাঠামোতে সংবাদপত্রের গুরুত্ব ও অপরিহার্যতা বোঝাতে এডমন্ড বার্ক বলেছিলেন, তারা এই রাষ্ট্রের 'ফোর্থ স্টেট'। তাই চলমান জীবনে সংবাদপত্রের গুরুত্ব অপরিহার্য। সংবাদপত্র পৃথিবীকে মানুষের মুঠোর মধ্যে দিয়েছে। স্বাধীনতা-স্বার্বভৌমত্ব, জাতীয় স্বার্থ, মানবাধিকার উন্নয়নে ও নাগরিক অধিকার সংরক্ষণে, গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করার জন্য সাংবাদিক এবং সংবাদপত্রের ভূমিকা সবচেয়ে বেশি। সংবাদপত্র ও সাংবাদিকতার ভূমিকার বিষয়টি আমরা আরও বেশি অনুধাবন করতে পেরেছি বায়ান্নর ভাষা আন্দোলন, একাত্তরের মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে মানুষের অধিকার আদায়ের বিভিন্ন সংগ্রামের পাশাপাশি রাষ্ট্রের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে। দেশের প্রতিটি গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে সংবাদপত্র ও সাংবাদিকরা অনন্য সাধারণ ভূমিকা পালন করেছেন।

সংবাদপত্র একটি দেশ ও জাতিকে যেমন এগিয়ে নিয়ে যেতে পারে, আবার জাতির সর্বনাশও করতে পারে। এ ক্ষেত্রে সংবাদ পরিবেশনই হচ্ছে গুরুত্বপূর্ণ বিষয়। নিরপেক্ষ বস্তুনিষ্ঠ খবর সমাজে শান্তি আনে, আর খারাপ খবর কখনো সমাজকে বিষিয়ে তোলে, অশান্তি ও বিশৃঙ্খলা সৃষ্টি করে। সেহেতু সংবাদপত্র ও সাংবাদিকদের সতর্ক হয়েই লিখতে হয়। সংবাদপত্রে যে সংবাদ সেখানে বিধৃত হবে, সে সংবাদের নানাবিদ উপাদান পাওয়া যাবে সমসাময়িক সমাজ ও সমাজভূমি থেকে। রাষ্ট্রের রাষ্ট্রীয় চরিত্র, যা সেই রাষ্ট্রের সমাজ অর্থনীতি ও জীবন ব্যবস্থার প্রকৃতিকে নিয়ন্ত্রণ করে অনিবার্যরূপে, তার অপ্রতিরোধ্য প্রভাব সংবাদপত্রের ওপরও বর্তায়। সংবাদপত্র এমন একটি দলিল যা যুগ যুগ ধরে সংরক্ষণ করে রাখা যায়। সংবাদপত্রকে গণতান্ত্রিক আশা-আকাঙ্ক্ষার বিকল্পহীন প্রতীক হিসেবে গণ্য করা হয়। এ কারণেই গণতন্ত্র বিপন্ন হলে সংবাদপত্রের স্বাধীনতার বিপর্যয় ঘটে আবার সংবাদপত্রের স্বাধীনতা খর্ব হলে গণতন্ত্রও বিপর্যয়ের সম্মুখীন হয়। সংবাদপত্র মূলত পাঠকের জন্য এবং সে পাঠক অবশ্যই সমাজমনস্ক পাঠক। সংবাদপত্র যখন সমাজের অবিকৃত নানা ঘটনার একটি নিরপেক্ষ সংবাদচিত্র পাঠকদের উপহার দিতে পারে, তখন সে সংবাদপত্র শুধু পাঠকের খোরাক জোগায় না, একজন সাধারণ পাঠককেও সপ্রতিভ নাগরিক করে তোলে। একজন নাগরিক রাজনৈতিকভাবে সচেতন না হলে সে যেমন জাতির কল্যাণ সাধন করতে পারে না, তেমনি নিজের কল্যাণ সাধনও তার পক্ষে সার্থকভাবে করা সম্ভব নয়। নাগরিকদের রাজনৈতিক জ্ঞান অর্জনের যত উপায় আছে, তার মধ্যে সংবাদপত্রের স্থান শীর্ষে। সংবাদপত্রের জগতে অত্যাধুনিক প্রযুক্তি যুক্ত হওয়ায় এবং পৃথিবীর গণমাধ্যমগুলো

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ভূপতিনগর থানার ওসি আপাতত কোনও মামলার তদন্ত করতে পারবেন না



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভূপতিনগর থানার ওসি আপাতত কোনও মামলার তদন্ত করতে পারবেন না। বিজেপি নেতা তপন মিদ্দার মামলার প্রেক্ষিতে নির্দেশ দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত। বিচারপতি স্পষ্ট করে দিয়েছেন, ভূপতিনগর থানার ওসি মামলা প্রস্তুত করতেও পারবে না। অন্য কোনও অফিসার তদন্ত করলেও আদালতের অনুমতি ছাড়া কোনও চার্জশিট জমা দিতে পারবে না।বিজেপি নেতারা ২১ জনের বিরুদ্ধে মোট ৪০ টা এফআইআর ছিল। মামলাকারীর আইনজীবী আদালতে জানান, মোট ৪০ টি মামলা রয়েছে বলে রাজ্য রিপোর্ট দেয় মঙ্গলবার। সোমবারের রিপোর্টে ২৬ টি বলা হয়েছিল। অভিযোগ, এমন তদন্ত করছেন যেখানে ৩০৭ ধারায় মামলা শুরু করে চার্জশিট দেওয়ার সময় সেই ধারা বাদ দিয়েছে পুলিশ। মানে মারধরের কোনো রক্তপাত হয়নি। অথচ তার আগে গ্রেফতার হয়ে গিয়েছে। মামলাকারীর আইনজীবী বলেন, "বিরোধীদের হেনস্থা করার এটা একটা প্রক্রিয়া। এটা স্বচ্ছ তদন্ত নাকি?" মামলাকারীর তরফে বলা হয়, অন্তত ৩ টি মামলায় বিস্ফোরণের অভিযোগ আছে। কিন্তু সেখানেও আইন অনুযায়ী এন আই এ কে জানানো হয়নি। বিচারপতি বলেন, "বেশি রকম স্বচ্ছ তদন্ত মনে হচ্ছে।"১৫ এপ্রিল পর্যন্ত কোনও অভিযুক্তকে গ্রেফতার করতে পারবেন ওসি। পুলিশের কাছে একটি রিপোর্টও তলব করেছেন বিচারপতি। কোন কোন মামলায় বিস্ফোরণের অভিযোগ রয়েছে, আর সে সব ক্ষেত্রে এন আইএ-কে কেন জানানো হয়নি? আগামী সোমবার রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তবে এদিন শুনানির সময়ে আদালত অবমাননাকর মন্তব্য করার জন্য ক্ষমা চান ওসি গোপাল পাঠক।তপন মিদ্দা নামে ভূপতিনগরের স্থানীয় এক বিজেপি নেতার বিরুদ্ধে গত তিন বছরে ২৬টি ফৌজদারি মামলা রুজু করেছে পুলিশ। ১৫টি চার্জশিটও জমা করেছে পুলিশ। কিন্তু মামলাকারীর অভিযোগ, তাঁর বিরুদ্ধে কোনও এফআইআর-ই নেই। একটি মামলায় তাঁকে গ্রেফতার করা হয়। তারপর একের পর এক মামলায় তাঁকে 'সোন অ্যারেস্ট' দেখানো হয়। তিনি হাইকোর্টের দ্বারস্থ হন। মামলার প্রেক্ষিতে পুলিশের তরফ থেকে একটি রিপোর্ট পেশ জমা করা হয়। তাতে পুলিশের বক্তব্য, "আদালতের রক্ষাকবচের ফলে নির্বাচন বানচালের চেষ্টা করতে পারে অভিযুক্তরা।" পুলিশের বক্তব্যে অসন্তুষ্ট হন বিচারপতি। রাজ্যের আইনজীবীকে বিচারপতি বলেন, "তিনি পুলিশ অফিসার বলে তিনি যা খুশি তাই বলতে পারেন!" রাজ্যের তরফে বলা হয়, "আমি ক্ষমা প্রার্থী। যা লেখা হয়েছে, অন্যায়।" মামলাকারী তপন মিদ্দার আইনজীবী রাজদীপ মজুমদার বলেন, "রাতে ওসি নিজে বিজেপি পার্টি অফিসে গিয়ে বিধায়কের সামনে হুমকি করে আসেন এক মামলাকারীকে।"

# আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আমার পরনে যদিও পাঞ্জাবি ছিল কিন্তু দেশি গামছা শাড়ির আঁচলেই বাঁধা হোল, আদিবাসী লৌকিক দেবতার প্রসাদ। মা দুর্গাকে সহ্য না করতে পারলেও, মা কালী কিন্তু অনেক আদিবাসীদের কাছে পরম প্রিয় পূজ্য দেবী। তাই চুটোনাথ বাবা গাছের নিচে অবস্থান করলেও, মন্দিরের হাতায় একটিমাত্র বাঁধান মন্দিরে মা কালী বিরাজমান। আমরা ভগবান বা ঈশ্বরকে বহু প্রাচীনকাল থেকে মান্যতা দিয়ে এসেছি আজও দিচ্ছে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।



# সিনেমার খবর

# 'আমি তো সবাইকে রং লাগাতে দিই না'



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বসন্তকাল বেশ পছন্দ স্বস্তিকার। তবে দোল খেলেন না। কোনও দিনই রং খেলেননি তিনি। স্বস্তিকার কথায়, 'আমি রং খেলি না। তবে বসন্তে প্রকৃতি যেন ফুল-ফলে নতুন করে সেজে ওঠে। এই নতুনের আগমন ভাল লাগে। পরিবেশটা ভীষণ মনোরম থাকে। বসন্তের হাওয়াও বেশ পছন্দ। তবে ছোটবেলায় এক রকম ভাবে বসন্ত উদ্‌যাপন করা হত। এখন অবশ্য কাজের মধ্যে সবটা কেটে যায়।'

অভিনেত্রী না হয় নিজে থেকে রং খেলেন না। কিন্তু, কেউ কি রং লাগতে চান না তাকে? স্বস্তিকার সাফ জবাব, 'সবাইকে রং লাগাতে আমি দিই না।'

বসন্ত ও প্রেম তো পরিপূরক! এই বসন্তে কখনও পুরনো কথা মনে পড়ে তার? স্বস্তিকা জানান, সে সব কথা বলতেই চান না আর। কিন্তু দোলে কি গৃহবন্দি থাকবেন অভিনেত্রী? তা এখনও ঠিক করেননি বলেই জানিয়েছেন স্বস্তিকা।

এবারের বসন্তের আগমনেই তার নতুন সিরিজ 'বসন্ত এসে গেছে'র পোস্টার প্রকাশ্যে এসেছে। ১১ মে থেকে একটি বাংলা ওটিটি প্ল্যাটফর্মে শুরু হবে স্ট্রিমিং। এই সিরিজে তাকে এমন এক জনের চরিত্রে দেখা যাবে যে মানসিক স্বাস্থ্যের সঙ্গে লড়াই করছে। স্বস্তিকা বলেন, 'এমন একটা চরিত্র, যা আগে কখনও করিনি। তাই খুব খাটুনি গিয়েছে, প্রস্তুতিও নিতে হয়েছে।'

# আজকাল মেয়েদের শাড়ির আঁচলও ঠিক থাকে না : মমতা শঙ্কর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কথায় বলে, শাড়িতে নারী। অর্থাৎ শাড়িতেই নারীকে সবচেয়ে বেশি সুন্দর দেখায়। অন্য কোনও সংস্কৃতির কথা ছেড়ে যদি শুধু বাঙালির কথা বলা হয়, তাহলে শাড়ি সম্পর্কে এই সব কথায় সত্য। কিন্তু বর্তমানে রাস্তাঘাটে হাঁটলে শাড়ি পরার এক বিচিত্র ধরণ দেখা যায়। শাড়ির মধ্যে, 'পোশাক পরছি অথচ পরছি না' ধরণের একটা ভাব চোখে পড়ে। শাড়ির এই জেন ওয়াই অবতার চোখে পড়ছে গত এক দশক ধরে। বিগত দু'বছরে এই প্রবণতা ভাইরাসের মত ছড়িয়েছে।

মনে মনে অনেকেই এই প্রবণতা দেখে বিরক্ত হচ্ছেন। কিন্তু কোণঠাসা হওয়ার ভয়ে প্রকাশ্যে কেউই মুখ খোলেন না। এবার সেই বাধা সরালেন প্রখ্যাত অভিনেত্রী ও নৃত্যশিল্পী মমতা শঙ্কর। তাঁর মতে, মর্যাদা রক্ষা করে শাড়ি পরুক মেয়েরা। এখনকার কিছু মেয়ে যেভাবে শাড়ি পরে, ওভাবে শাড়ি পরতে দেখা যায় ল্যাম্প পোস্টের নিচে দাঁড়িয়ে থাকা রাস্তার মেয়েদের।

কলকাতার একটি শাড়ি-অলঙ্কারের প্রদর্শনীতে ফ্যাশনের সংজ্ঞা জানতে চাওয়া হয়েছিল মমতা শঙ্কর, ব্রততী বন্দ্যোপাধ্যায়দের কাছে। সেখানে মমতা শঙ্কর বলেন, পুরনো জিনিসের একটা আভিজাত্য আছে। পুরনো ফ্যাশনকে আবার নতুন করে ফিরিয়ে আনার চেষ্টা চলছে। পুরনোর প্রতি মমতা শঙ্করের সমর্থনের কথা শুনে সাংবাদিকরা প্রশ্ন করেন, তাহলে কি নতুন প্রজন্মের পোশাক আশাক অপছন্দ করেন তিনি? এর জবাবে মমতা শঙ্কর অকপট বলেন, আজকাল মেয়েরা যেভাবে শাড়ি পরে, দেখা যায় তাদের আঁচলও ঠিক থাকে না। ক্ষমা চেয়ে নিয়ে অভিনেত্রী বলেন, রাস্তার মেয়েরা ল্যাম্পপোস্টের নিচে যেভাবে দাঁড়িয়ে থাকে, সেভাবে এখনকার মেয়েরা শাড়ি পরে। রাস্তায় যারা দাঁড়িয়ে থাকে, তারা তো নিজেদের পেশার প্রয়োজনে, পুরুষদের আকর্ষণ করতে ওভাবে শাড়ি পরে। কিন্তু বাকি মেয়েরা বিনা কারণে তাদের অনুকরণ করছে কেন? মেয়েরা ওভাবে শাড়ি পরবে, এরপর ছেলেরা কিছু বললে তারা রেগে যায়। তখন বলবে মেয়েদের অসম্মান করা হচ্ছে। মেয়েদের একটা শালীনতার জায়গা আছে। সেই শালীনতা দেখে ছেলেরা সম্মান করবে। আমাদের নিজেদের এই মর্যাদা যদি না থাকে, তাহলে ছেলেরা সম্মান করবে কিভাবে? আমি এর প্রতিবাদ করছি।


সাংবাদিকরা বলেন, সম্মান-অসম্মান তো পোশাকের উপর নির্ভর করে না। এর জবাবে মমতাশঙ্কর বলেন, আমি হয়তো খুব ভালো মেয়ে কিন্তু শাড়িটা ওভাবে পরব কেন? নিজেকে ওভাবে দেখাতে যাব কেন?

# যে কারণে বিয়ে করছেন না সুস্মিতা সেন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় অভিনেত্রী ও মডেল সুস্মিতা সেনের বয়স ৪৮ বছর। এখনো তিনি বিয়ে করেননি। বারবার প্রেমে পড়েছেন তিনি। সম্পর্ক নিয়ে তিনি বরাবরই অকপট। কিন্তু বিয়ের কথা উঠলেই তার মাথায় আসে নানা ভাবনা। সম্প্রতি এক সাক্ষাৎকারে প্রাক্তন ও বিয়ে নিয়ে মুখ খুললেন অভিনেত্রী। সুস্মিতা স্পষ্ট জানালেন, 'সঠিক পুরুষ জীবনে এলেই বিয়ে করব!' তাহলে কি প্রাক্তনরা কেউই সুস্মিতার কাছে সঠিক পুরুষ ছিলেন না!

সুস্মিতা প্রায়শই ভারতের সবচেয়ে আড়ম্বরপূর্ণ এবং চাকচিক্যময় নারী হিসাবে পরিচিত, সুস্মিতা সেন "রেনী" নামের এক মেয়ে শিশুকে ২০০০ সালে দত্তক নিয়ে ইতিহাস তৈরি করেন। তিনি মাত্র ২৫ বছর বয়সে এককী নারী হিসেবে, শিশু দত্তক নেয়ায় অভিভাবকত্ব নিয়ে সামাজিকভাবে গ্রহণযোগ্যতার প্রশ্ন ওঠে। কিন্তু মুম্বাই আদালত তাদের আবেদন রদ করে এবং সুস্মিতা জয়লাভ করেন। ১৩ জানুয়ারী, ২০১০ সালে তিনি "আলিশা" নামে তিন মাস বয়সী মেয়ে শিশুকে দত্তক নেন।



সেন ১৯৯৪ সালে ১৮ বছর বয়সে ফেমিনা মিস ইন্ডিয়া-এর মুকুট জয় করেন এবং পরে মিস ইউনিভার্স (১৯৯৪)-এর মুকুট জয় করেন। তিনি প্রথম বাঙালি তথা প্রথম ভারতীয় হিসেবে মিস ইউনিভার্সের মুকুট লাভ করেন। মূলত হিন্দি চলচ্চিত্রে কাজের জন্য পরিচিতি লাভ করলেও তিনি তামিল ও বাংলা ভাষার চলচ্চিত্রেও অভিনয় করেছেন। চলচ্চিত্রে তার কাজের জন্য তিনি দুটি ফিল্মফেয়ার পুরস্কারসহ একাধিক পুরস্কার অর্জন করেছেন।


১৯৯৬ সালে 'দস্তক' সিনেমা থেকে বলিউডে পা রাখেন সুস্মিতা। প্রথম সিনেমা বক্স অফিসে একেবারে ফ্লপ। তবে রুপালি পর্দায় সুস্মিতার রূপের ঝলকানি নজর কাড়ে। তার পর বেশ কয়েকটি ছবিতে অভিনয় করেও, সেভাবে বলিউডে মাটি শক্ত করতে পারেননি সুস্মিতা। সেই সময়ই সুস্মিতার সঙ্গে নাম জড়ায় অভিনেতা রণদীপ হুডার। শোনা যায়, রণদীপের সঙ্গে নাকি লিভ ইন রিলেশনশিপেও ছিলেন সুস্মিতা। কিন্তু সে প্রেম বেশিদিন টেকেনি। এর পরই সুস্মিতার জীবনে আসেন কাশ্মীরি মডেল রোহমান শল। বেশ কয়েক বছর রোহমানের সঙ্গে প্রেম করে হঠাৎ বিচ্ছেদ।

দুবছর আগে হঠাৎই রটে যায়, ললিত মোদির সঙ্গে নাকি বিয়ে সেরে ফেলেছেন সুস্মিতা! এমনকি ভাইরাল হয় লোলিতের সঙ্গে তার অন্তরঙ্গ বেশ কয়েকটা ছবিও। তবে সুস্মিতা এই খবরকে একেবারে নস্যাৎ করে দেন। তার পরই সুস্মিতার প্রেমের গল্পে টুইস্ট। ফের সুস্মিতার জীবনে এন্ট্রি নেন রোহমান শল। এখন তারা দুজনে আছেন একসঙ্গেই।

তবে বিয়ে করছেন কবে? এ নিয়ে সুস্মিতা জানিয়েছেন, বিয়ে করার জন্য আমি কখনই সামাজিক চাপ কিংবা বয়সের চাপকে পাত্তা দিই না। তার চেয়ে বরং, সঠিক মানুষটাকে গুরুত্ব দিই। যেদিন এমন কোনো পুরুষ মানুষ জীবনে আসবে, যাকে দেখে মনে হবে, হ্যাঁ, একেই বিয়ে করা যায়, তখন করব। তার আগে এই বেশ ভালো আছি।

প্রাক্তন প্রেমিকদের সম্পর্কে বলতে গিয়ে সুস্মিতা জানান, প্রাক্তনদের সঙ্গে বন্ধুত্ব রাখাটা কঠিন। তবে যদি ব্রেকআপে তিক্ততা না থাকে তো, বন্ধুত্ব রাখাই যায়। আমার অভিজ্ঞতা সেটাই বলে।

# রাম হওয়ার জন্য কী শিখছেন রণবীর?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নীতেশ তিওয়ারি পরিচালিত 'রামায়ণ' ছবিতে যে রামের চরিত্রে অভিনয় করবেন রণবীর কাপুর, সে খবর আগেই জানা গিয়েছে। এ বার ছবির জন্য প্রস্তুতি নিতেও শুরু করে দিলেন অভিনেতা। রণবীর নিজে সমাজিক যোগাযোগ মাধ্যমে নেই। কিন্তু তিনি কী ভাবে এই ছবির প্রস্তুতি নিচ্ছেন, তার ইঙ্গিত মিলেছে সমাজিক যোগাযোগ মাধ্যমেই।

সম্প্রতি, রণবীরের ফিটনেস কোচ অভিনেতার একটি ছবি পোষ্ট করেন। সেখানে অভিনেতাকে জিমে শীর্ষাসন করতে দেখা যায়। রাম চরিত্রের জন্য অভিনেতা যে জিমে এখন অনেকটা সময় কাটাচ্ছেন, তা এক প্রকার স্পষ্ট। অন্য দিকে রণবীরের ফ্যান ক্লাবের তরফে নেটদুনিয়ায় বেশ কিছু ছবি পোস্ট করা হয়েছে। সেখানে দেখা যাচ্ছে এক জন ব্যক্তির কাঁধে হাত দিয়ে রণবীর ছবি তুলেছেন। অনুরাগীদের দাবি, ওই ব্যক্তি রণবীরের তিরন্দাজি প্রশিক্ষক। রাম চরিত্রের জন্যই তিরন্দাজি শিখবেন অভিনেতা।

সানি দেল, সাই পল্লবী, যশ, রকুল প্রীত সিংহ-এক ঝাঁক তারকাকে নিয়ে তৈরি হচ্ছে 'রামায়ণ'। ছবিতে লক্ষ্মণের ভূমিকায় অভিনয় করছেন হিন্দি ছোট পর্দার জনপ্রিয় মুখ রবি দুবে। নীতেশ তিওয়ারি পরিচালিত এই ছবি নিয়ে নানা সময়ে উঠে এসেছে বিভিন্ন তথ্য। ক্যামেরা, কাস্টিং কিংবা ভিস্যুয়াল এফেক্ট-সব দিক থেকে অন্য অনেক ছবিকেই 'রামায়ণ' ছাপিয়ে যাবে বলে অনুমান ইন্ডাস্ট্রির ঘনিষ্ঠদের। মার্চ মাসের শেষের দিকেই শুরু হবে শুটিং। মুম্বই ও লন্ডন মিলিয়ে মোট ১২০ দিন শুটিং চলবে।

গত বছর 'রামায়ণ'-এর প্রেক্ষাপটে তৈরি দক্ষিণী সুপারস্টার প্রভাস অভিনীত 'আদিপুরুষ' ছবিটি দর্শকদের পছন্দ হয়নি। তবে নীতেশের ছবিটি নিয়ে দর্শকমহলে কৌতূহল দানা বেঁধেছে। রাম চরিত্রে রণবীরকে দেখার জন্য মুখিয়ে রয়েছেন অনুরাগীদের একটা বড় অংশ।

## লিভারপুলের দুর্দান্ত জয়



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ইংলিশ প্রিমিয়ার লিগে গতকাল রাতে অ্যানফিল্ডে শেফিল্ড ইউনাইটেডের বিপক্ষে লিভারপুল জেতে ৩-১ ব্যবধানে। দারউইন নুনেসের গোলে লিভারপুল এগিয়ে যাওয়ার পর কনর ব্র্যাডলির আত্মঘাতী গোলে ম্যাচে সমতা ফেরে। এরপর আলেক্সিস মাক আলিস্তারের নৈপুণ্যে অল রেডসরা এগিয়ে যাওয়ার পর ব্যবধান বাড়িয়ে জয় নিশ্চিত করেন কোডি হাকপো।

ঘরের মাঠে এগিয়ে যেতে খুব বেশি সময় লাগেনি লিভারপুলের। সপ্তদশ মিনিটে শেফিল্ড গোলরক্ষকের ভুলে বল পেয়ে যান নুনেস। তার পায়ে লেগে বল জড়ায় জালে। এগিয়ে যায় অল রেডসরা। প্রথমার্ধে আরও কয়েকটি আক্রমণ চালায় তারা। তবে সফল হতে পারেনি। বিরতির পর ৫৮তম মিনিটে লিভারপুল ডিফেন্ডার ব্র্যাডলির পায়ে লেগে নিজেদের জালে বল চলে যায়। আত্মঘাতী এই গোলে সমতায় ফেরে শেফিল্ড। যদিও এই সমতা বেশিক্ষণ ধরে রাখতে পারেনি তারা। ৭৬তম মিনিটে ডি-বক্সের বাইরে থেকে জোরালো শটে লক্ষ্যভেদ করে দলকে এগিয়ে নেন মাক আলিস্তার। নির্ধারিত সময়ের শেষ মিনিটে ব্যবধান বাড়িয়ে দেন হাকপো। বাঁ দিকের বাইলাইন থেকে বক্সে দারুণ এক ক্রস বাড়ান অ্যান্ডি রবার্টসন। সেখান থেকে দারুণ এক হেডে গোলটি করেন ডাচ ফরোয়ার্ড।

৩০ ম্যাচে ২১ জয় ও ৭ ড্রয়ে ৭০ পয়েন্টি নিয়ে টেবিলের শীর্ষে লিভারপুল। ২১ জয় ও ৫ ড্রয়ে দুইয়ে থাকা আর্সেনালের পয়েন্ট ৬৮। সমান ম্যাচে ২০ জয় ও ৭ ড্রয়ে ৬৭ পয়েন্ট নিয়ে তিন নম্বরে ম্যানচেস্টার সিটি।

## পাকিস্তানের হয়ে খেলতে চেয়ে ৫ বছর নিষিদ্ধ উসমান




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** উসমান খানের শাস্তি অনুমিতই ছিল। এবার এলো আনুষ্ঠানিক ঘোষণা। বোর্ডের সঙ্গে চুক্তি লঙ্ঘন করায় পাকিস্তানি বংশোদ্ভূত এই ব্যাটসম্যানকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ করল সংযুক্ত আরব আমিরাতের ক্রিকেট বোর্ড (ইসিবি)। এই সময়ে আইএল টি-টোয়েন্টি, আবু ধাবি টি-টেন লিগসহ ইসিবি আয়োজিত বা অনুমোদিত কোনো টুর্নামেন্টে খেলতে পারবেন না তিনি।

আমিরাতের ক্রিকেটার উসমান সম্প্রতি পাকিস্তানের হয়ে খেলার ইচ্ছা প্রকাশ করেন। নিউজিল্যান্ড সিরিজের জন্য পাকিস্তানের প্রস্তুতি ক্যাম্পেও ডাকা হয় তাকে। এরপরই তদন্ত শুরু করে ইসিবি। তদন্ত শেষে শুক্রবার (৫ এপ্রিল) ইসিবি বিবৃতি দিয়ে জানায়, ২৮ বছর বয়সী এই ক্রিকেটার বোর্ডের সঙ্গে চুক্তি লঙ্ঘন করেছেন বলে প্রমাণিত হওয়ার পর শাস্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পাকিস্তানের করাচিতে জন্ম নেওয়া উসমান একটা সময়ে পাড়ি জমান আরব আমিরাতে। আমিরাতের হয়ে খেলার লক্ষ্য ছিল তার। আমিরাতের হয়ে খেলার যোগ্যতা অর্জন করতে তিন বছর দেশটিতে থাকতে হয়। সেই পথেই ছিলেন তিনি। আমিরাতের স্থানীয় খেলোয়াড় হিসেবে তিনি খেলেন আবু ধাবি টি-টেন ও আইএল টি-টোয়েন্টিতে। গত মাসে বিদেশি খেলোয়াড় হিসেবে খেলেন পাকিস্তান সুপার লিগে (পিএসএল)।

ওই টুর্নামেন্টে তার পারফরম্যান্সই বদলে দেয় বাস্তবতা। আসরে মোট চার সেঞ্চুরির দুটিই উসমান করেন পরপর দুই ম্যাচে। মুলতান সুলতান্সের ১১ ম্যাচের সাতটি খেলেই আসরের দ্বিতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক হয়ে যান তিনি। ফাইনালের আগে ক্রিকেট ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফোকে দেওয়া সাক্ষাৎকারে পাকিস্তানের হয়ে খেলার ব্যাপারে জোরাল আগ্রহ প্রকাশ করেননি। তবে দলটির প্রস্তুতি ক্যাম্পে ডাক পেতেই যোগ দেন তিনি।

ক্যাম্পে ডাক পাওয়ার পর ইএসপিএনক্রিকইনফোর সঙ্গে আলাপে উসমান বলেছিলেন, তার বিশ্বাস তিনি কোনো চুক্তি লঙ্ঘন করেননি। চুক্তিতে ৩০ দিনের নোটিশ পিরিয়ড আছে বলেও জানান তিনি। এই নিষেধাজ্ঞার ফলে কার্যত আমিরাতের হয়ে খেলার দরজা বন্ধ হয়ে গেল তার।

ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিপক্ষে পাকিস্তানের আসন্ন পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের দলে ডাক পেতে পারেন উসমান। মূলত আগামী জুনের টি-টোয়েন্টি বিশ্বকাপে চোখ রেখে পাকিস্তানের হয়ে খেলার ইচ্ছার কথা জানান তিনি। স্বীকৃত টি-টোয়েন্টিতে এখন পর্যন্ত ৩৬ ম্যাচে ১ হাজার ২০৭ রান করেছেন তিনি ৩৮.৯৩ গড় ও ১৪৬.১২ স্ট্রাইক রেটে। সেঞ্চুরি আছে চারটি, যার তিনটি পিএসএলে, একটি বিপিএলে।

## নিষেধাজ্ঞার মুখে টি-২০
## বিশ্বকাপের আয়োজক যুক্তরাষ্ট্র




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** দরজায় কড়া নাড়ছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। টি-টোয়েন্টি বিশ্বকাপ ইতিহাসে সবচেয়ে বেশি দল খেলবে এবারের আসরে। ২০টি দল নিয়ে জুনে এই আসর অনুষ্ঠিত হবে ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে। তবে বিশ্বকাপের আগে ব্যবস্থাপনাজনিত অনিয়মের কারণে সমালোচনার মুখে যুক্তরাষ্ট্র ক্রিকেট বোর্ড (ইউএসএসি)।

যুক্তরাষ্ট্র ক্রিকেটের চলমান পরিস্থিতিতে তীব্র অসন্তোষ প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের অলিম্পিক অ্যান্ড প্যারালিম্পিক কমিটি (ইউএসওপিসি)। একই কারণে ক্ষুব্ধ ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা আইসিসিও। ক্রিকবাজ জানিয়েছে, আইসিসি পূর্ণ সদস্য দেশগুলোর বড় একটি অংশ যুক্তরাষ্ট্র ক্রিকেট বোর্ডকে নিষিদ্ধ করার পক্ষে। তবে সামনেই বিশ্বকাপের মতো টুর্নামেন্ট থাকায় আপাতত সেই পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

ইউএসএসির চলমান অস্থিরতার কারণ প্রধান নির্বাহী কর্মকর্তা নুর মুরাদের অব্যাহতি। অলিম্পিক কমিটি মনে করে, ইউএসএসির বোর্ড পরিচালকেরা বোর্ডের দৈনন্দিন কার্যক্রমে হস্তক্ষেপ করছেন। নুর মুরাদকে সরিয়ে দেওয়া যার সর্বশেষ নজির। গত ১৫ মার্চ বোর্ড মিটিংয়ের পর আইসিসিও ইউএসএ ক্রিকেটকে শৃঙ্খলা বহালের বিষয়ে কড়া সতর্কতা দিয়েছে। মুরাদকে প্রধান নির্বাহী হিসেবে আইসিসিই সুপারিশ করেছিল। কিন্তু চুক্তির মেয়াদ ছয় মাস বাকি থাকতে তাঁকে সরিয়ে দেওয়ায় আইসিসি পুনর্বহাল করতে বলেছিল। কিন্তু ইউএসএ ক্রিকেটের পরিচালনা পর্ষদ সে নির্দেশনায়ও কর্ণপাত করেনি। যুক্তরাষ্ট্র ক্রিকেট বোর্ডের এমন আচরণে আইসিসির পূর্ণ সদস্য দেশগুলোর বড় একটি অংশ তাদের নিষিদ্ধ করার পক্ষে। তবে বিশ্বকাপ শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করার বিষয়ে সম্মত হয়েছেন তারা।

উল্লেখ্য, আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হবে ১ জুন যুক্তরাষ্ট্র-কানাডা ম্যাচ দিয়ে। ২৯ দিনের এই টুর্নামেন্টে মোট ১৬টি ম্যাচ আয়োজন করবে যুক্তরাষ্ট্র।

## মাঝ রাস্তায় ভক্তের
## আবদার মেটালেন মেসি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ফুটবলের মহাতারকা লিওনেল মেসি। নিজ ক্যারিয়ারে জিতেননি এমন কোন অর্জন নেই। শেষমেষ অধরা বিশ্বকাপের সোনালী ট্রফিটাও পেয়েছেন তিনি গেল আসরেই। যার জন্য বর্তমানে ক্যারিয়ারের শেষ সময়ে এসে জীবন উপভোগ করছেন বেশ ভালোভাবেই।

গেল মৌসুমেই পিএসজি থেকে যুক্তরাষ্ট্রের ক্লাব ইন্টার মায়ামিতে যোগ দিয়েছেন মেসি। যেখানে বেশ ভালোই কাটছিল তার সময়। তবে সম্প্রতি হ্যামস্ট্রিং চোটের কারণে তিন সপ্তাহেরও বেশি সময় ধরে মাঠের বাইরে এই ফুটবল জাদুকর। জাতীয় দল আর্জেন্টিনার সর্বশেষ দুটি প্রীতি ম্যাচেও খেলতে পারেননি তিনি। এমনকি তাকে ছাড়াই চারটি ম্যাচ খেলেছে ইন্টার মায়ামি। যেখানে তাকে ছাড়া হারের বৃত্ত থেকে বেরোতে পারছে না দলটি। সর্বশেষ ম্যাচে মেক্সিকান ক্লাব মন্টেরের কাছে ২-১ গোলে হেরেছে তারা।

তবে এবার ভিন্ন এক কারণে আলোচনায় মেসি। ম্যাচ শেষে বাসায় ফেরার পথে মাঝরাস্তায় ভক্তের আবদার মিটিয়ে গাড়ি থামিয়ে সেলফি তোলেন মেসি। গাড়ি থামিয়ে ভক্তদের সঙ্গে মেসির ছবি তোলার বিষয়টি তখনও এক নারী ভক্তের বিশ্বাস হচ্ছিল না। এমনই একটি ভিডিও ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে।

সেই ভিডিওতে দেখা যায়, স্ত্রী আন্তোনেল্লা রোকুজ্জোকে নিয়ে নিজেই গাড়ি চালিয়ে যাচ্ছিলেন মেসি। তা দেখে আর্জেন্টাইন তারকার নাম ধরে ডাক দেন রাস্তার ধারে হাঁটতে থাকা কয়েকজন ভক্ত। এরপর মেসির দিকে ছুটে যান কিছু ভক্ত। মেসিও গাড়ি থামিয়ে গ্লাস নামিয়ে তাদের সঙ্গে কথা বলেন।

আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ককে পেয়ে আনন্দের আতিশয্যে ভেসে যান এক ভক্ত। ভিডিওতে তাকে বলতে শোনা যায়, 'আমি মারা যাচ্ছি, আমি মারা যাচ্ছি, আমি মারা যাচ্ছি। আমি বিশ্বাস করতে পারছি না। ধন্যবাদ লিও, আমি তোমাকে ভালোবাসি। আমি কাঁপছি।'

এর আগে মন্টেরের কাছে মায়ামির ২-১ গোলের হার মাঠে বসে দেখেছেন মেসি। গত ১৩ মার্চ ন্যাশভিলকে হারিয়ে মায়ামিকে কনক্যাকাফ চ্যাম্পিয়নস কাপের কোয়ার্টার ফাইনালে তুলেছিলেন মেসি। সে ম্যাচে গোল করার পাশাপাশি চোটও পেয়েছিলেন আর্জেন্টাইন ফরোয়ার্ড।

চোটের কারণে এরপর মায়ামির হয়ে তার আর মাঠে নামা হয়নি। এরপর সবমিলিয়ে তাকে ছাড়াই মায়ামির ক্লাবটি খেলেছে চার ম্যাচ। ধারণা করা হচ্ছে, চ্যাম্পিয়ন্স কাপ কোয়ার্টার ফাইনালের ফিরতি লেগে মাঠে ফিরতে পারেন মেসি।

ম্যাচ পরবর্তী সংবাদ সম্মেলনে আর্জেন্টাইন মহাতারকার চোটের সর্বশেষ জানিয়েছেন মায়ামি কোচ টাটা মার্টিনো, 'আগেই বলা হয়েছে, (মেসির) পরিস্থিতি দিন দিন ভালো হচ্ছে। আজ তাকে খেলানোটা ঝুঁকি হয়ে যেত। সে পুরোপুরি প্রস্তুত নয়, আর এটা দেখা যেতে পারে কলোরোডো ও মন্টেরের বিপক্ষে পরের দুটি ম্যাচেও।'

## এবার বার্সায় লিও মেসির জার্সি পাচ্ছেন ইয়ামাল!



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বয়স ১৬ বছর পূর্ণ হওয়ার পূর্বেই অভিষিক্ত হয়েছেন। সেই সাথে ভেঙেছেন একাধিক রেকর্ড। বলছিলাম, স্পেনের উদীয়মান তরুণ ফুটবলার লামিনে ইয়ামালের কথা। ক্লাব ফুটবলে বার্সালোনার জার্সিতে অভিষেক হওয়ার পর থেকেই সবার নজর কেড়েছেন তিনি। যার জন্য স্প্যানিশ এই ক্লাবের মাঝমাঠে অন্যতম ভরসার প্রতীক হয়ে উঠেছেন।

একসময় ফুটবল জাদুকর লিওনেল মেসি যেভাবে বার্সাকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন সেভাবেই এগোচ্ছেন ইয়ামাল, এমনটাই ধারণা সংশ্লিষ্টদের। শুধু তাই নয়, ইতোমধ্যেই একাধিক ম্যাচে বার্সার জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকাও রেখেছেন এই উইঙ্গার। তাই অনেকেই এখন তাকে দিয়ে লিওনেল মেসির অভাব পূরণের স্বপ্নও দেখছেন। কিন্তু এবার গুঞ্জন উঠেছে লিওনেল মেসির রেখে যাওয়া ১০ নম্বর জার্সি ইয়ামালের গায়ে তোলা নিয়ে। এমন কিছুকে 'স্বপ্নপূরণ' হওয়ার মতো বলে মন্তব্য কররেছেন ইয়ামাল নিজেই।

বার্সায় বর্তমানে ১০ নম্বর জার্সিটি আছে আনসু ফাতির দখলে। তবে চোটপ্রবণ ফাতি বার্সায় গুরুত্ব হারিয়ে ধারে খেলছেন ব্রাইটনের হয়ে। আবার বার্সায় ফিরবেন, এমন সম্ভাবনাও কম। ফাতি না ফিরলে ১০ নম্বর জার্সি পরতে চান কি না, এমন প্রশ্নের জবাবে বর্তমানে ২৭ নম্বর জার্সি পরা ইয়ামাল বলেছেন, 'যেমনটা আপনি বললেন, আনুস (ফাতি) ১০ নম্বর জার্সি পরে। কিন্তু যদি সে শেষ পর্যন্ত এখানে না থাকে, তবে এটা (১০ নম্বর জার্সি) পাওয়াটা গর্বের বিষয় হবে। বার্সেলোনার ১০ নম্বর হওয়াটা যে কারও জন্য স্বপ্নপূরণের মতো বিষয়। পৃথিবীতে এমন কেউ নেই, যে এটাকে না বলতে পারে। তবে এটা এমন কিছু, যা ক্লাবকেই সামলাতে হবে।'

শুধু ১০ নম্বর জার্সিই পরতে চান না, মেসি-ইনিয়েস্তাদের মতো প্রভাবও রাখতে চান ইয়ামাল, 'নিশ্চিতভাবে বার্সা কিংবদন্তি মেসি-ইনিয়েস্তা-জাভি-পুয়োলের মতো হতে পারলে অনেক খুশি হব।'

বয়স এখনো ১৬ পেরোয়নি। এখন খ্যাতি ও আলোচনার কেন্দ্রে ইয়ামাল। তবে এর বিনিময়ে জীবনকে শৃঙ্খলার মধ্যেও আনতে হয়েছে তাঁকে। বার্সার মূল দলের গুরুত্বপূর্ণ খেলোয়াড় হওয়ার পর জীবনে কেমন পরিবর্তন এসেছে, তা জানাতে গিয়ে ইয়ামাল বলেছেন, '২০২৪ সালে আমি চার কেজি ওজন বাড়িয়েছি এবং ২ সেন্টিমিটার উচ্চতা বেড়েছে। এখন আমার উচ্চতা ১.৮১ মিটার। এর আগে আমি বন্ধুদের সঙ্গে ঘুরতে গিয়ে যা খুশি খেতাম। এখন আমাকে ক্লাবের নির্দেশনা মানতে হয়। আর আমি প্রচুর পানি পান করি। আমি প্রচুর মাছ খাওয়ারও চেষ্টা করি।'

বুধবার চ্যাম্পিয়নস লিগের শেষ আটের গুরুত্বপূর্ণ ম্যাচে পিএসজির বিপক্ষে মাঠে নামবে বার্সেলোনা। সেই ম্যাচেও চোখ থাকবে ইয়ামালের ওপর। চ্যাম্পিয়নস লিগের এ ম্যাচ নিয়ে রোমাঞ্চিত ইয়ামাল বলেছেন, 'ক্যারিয়ারের প্রথম চ্যাম্পিয়নস লিগ কোয়ার্টার ফাইনাল খেলার তর সইছে না।'

## শাহিন শাহকে চাপমুক্ত রাখতেই
## বাবরকে নেতৃত্বে ফেরানো!




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি অধিনায়কত্ব থেকে শাহিন শাহ আফ্রিদিকে সরিয়ে পাকিস্তানের সাদা বলে দুই ফরম্যাটের নেতৃত্ব পুনরায় দেওয়া হয়েছে বাবর আজমকে। এটি নিয়ে পাকিস্তান ক্রিকেটে আলোচনা-সমালোচনা চলছেই। তবে টেস্ট অধিনায়ক শান মাসুদের মতে আফ্রিদিকে চাপমুক্ত রাখতেই বাবরকে পুনরায় নেতৃত্ব দেওয়া হয়েছে। ভারতের মাটিতে সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে ব্যর্থতার দায় নিয়ে নিজ থেকেই পাকিস্তানের তিন ফরম্যাটের অধিনায়কত্ব ছাড়েন বাবর। এরপর টেস্টে মাসুদকে ও টি-টোয়েন্টিতে আফ্রিদিকে অধিনায়কত্বের দায়িত্ব দেয় পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। কিন্তু ওয়ানডের অধিনায়কের স্থানটি ফাঁকা রেখে দেয় তারা। অধিনায়ক হবার পর একটি করে সিরিজে নেতৃত্ব দিয়েছেন মাসুদ ও আফ্রিদি। অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট সিরিজে হোয়াইটওয়াশ ও নিউজিল্যান্ড সফরে ৪-১ ব্যবধানে টি-টোয়েন্টি সিরিজ হারে পাকিস্তান। পিসিবি নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েই টি-টোয়েন্টি অধিনায়কত্ব থেকে আফ্রিদিকে সরিয়ে দেন মহসিন নকভি। আবারও ওয়ানডে ও টি-টোয়েন্টির অধিনায়কত্ব ফিরে পান বাবর।

বাবরকে অধিনায়ক করার পেছনে অবশ্যই নতুন ব্যবস্থাপনা ও নতুন নির্বাচক কমিটির বিশেষ কোন পরিকল্পনা আছে বলে মনে করেন মাসুদ। পাকিস্তানের সংবাদমাধ্যমকে মাসুদ বলেন, 'একটি নতুন ব্যবস্থাপনা এসেছে, নতুন নির্বাচক কমিটি দায়িত্ব নিয়েছে এবং তাদের সবসময়ই নতুন পরিকল্পনা থাকে।'

তিনি আরও বলেন, 'সুনির্দিষ্ট পরিকল্পনার কথা তারা বলেছেন, সেই ব্যাখ্যাও দিয়েছেন। তারা সম্ভবত আফ্রিদির উপর চাপ কমাতে চান এবং তাকে বিশ্রাম দিতে চান। তার ওয়ার্কলোড সামলানোর ব্যাপারও আছে। গত বিশ্বকাপের আগে আমরা ইনজুরির কারণে নাসিম শাহকে হারিয়েছি, এজন্য চড়া মূল্য দিতে হয়েছে পাকিস্তানকে। আফ্রিদিকে নিয়ে এরকম কিছু চায় না তারা। পরিবর্তন হয়েই থাকে, এবার তেমনই হয়েছে।'

নেতৃত্বে পরিবর্তন হলেও পাকিস্তানের সাফল্যের জন্য দলের মধ্যে ঐক্য ও প্রতিশ্রুতিতে কোনো কমতি হবে না বলে জানিয়েছেন মাসুদ। তিনি বলেন, 'আমার মনে হয়, ক্রিকেটার হিসেবে আমাদের সবার লক্ষ্য একই থাকে। আর তা হলো-পাকিস্তান দল যেন ভালো করতে পারে। নেতৃত্বে যেই থাকুক, সবাই তার পাশে থাকে এবং দলকে ভালো অবস্থায় নিতে প্রস্তুত থাকে।'

## ফর্মে ফিরেই যে বার্তা দিলেন স্টার্ক




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ার তারকা পেসার মিচেল স্টার্ককে গত ডিসেম্বরে আইপিএলের মিনি নিলামে ২৪ কোটি ৭৫ লাখ রুপিতে কলকাতা নাইট রাইডার্স দলে ভেড়ায়। কিন্তু প্রথম দু'টি ম্যাচে চরম হতাশ করেছেন বাঁ-হাতি এই পেসার। ৮ ওভারে একশ... রান দিয়ে উইকেট পাননি একটিও।

অবশ্য সর্বশেষ ম্যাচে দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে ঘুরে দাঁড়ান তিনি। ২৫ রান দিয়ে দুটি উইকেট তুলে নেন স্টার্ক। তার প্রথম শিকার মিচেল মার্শ। পরে ফেরান ডেভিড ওয়ার্নারকেও।

ম্যাচ শেষে সম্প্রচারকারী চ্যানেলে স্টার্ক বলেন, 'এই ম্যাচে বোলিংয়ে বিশাল কিছু পরিবর্তন করেছি, তা নয়। টি-টোয়েন্টিতে অনেক সময় কিছু সুযোগ নষ্টও হয়। অনেক কিছুই পক্ষে যায় না। আমার শুরুটা যে রকম চেয়েছিলাম, সে রকম হয়নি। তবে আমরা ৩-০ এগিয়ে গিয়েছি, সেটাই আসল।'

আরও যোগ করেন, 'টি-টোয়েন্টি ক্রিকেটে অনেক সময় ভাগ্যেরও প্রয়োজন হয়। খোঁচা লেগে বল চলে গেল, দু'একটা ক্যাচ পড়ল। এটাই টি-টোয়েন্টি ক্রিকেট। আমি দু'টা উইকেট পেয়েছি, সেটা বড় কথা নয়। দল টানা তিন ম্যাচ জিতেছে, সেটাই আসল।'

অবশ্য স্টার্কের প্রতি আস্থা রাখার কথা আগেই জানিয়েছিলেন কলকাতার বোলিং কোচ ভরত অরুণ। দিল্লি ম্যাচের আগে তিনি বলেছিলেন, 'স্টার্ক বিশ্বের অন্যতম অভিজ্ঞ বোলার। হতে পারে প্রথম দুই ম্যাচে ও ভালো বল করতে পারেনি। কিন্তু খুব তাড়াতাড়ি ও সেরা ফর্মে ফিরবে।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR